# ব্যবহার বোধ

১. **যে ধরনের অনুষ্ঠান ভাড়া দেওয়া হয়ঃ**

রাষ্ট্রীয় আইন কানুন ও বাংলাদেশী সংস্কৃতি পরিপন্থি নয়- এরূপ যে কোন অনুষ্ঠানে ব্যবহারের জন্য অডিটরিয়ামটি ভাড়া দেয়া হয়। তবে ভাড়া প্রদানের বিষয়ে অডিটরিয়াম পরিচালনা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

২. **অডিটরিয়াম ভাড়া গ্রহিতার অবশ্য পালনীয় শর্তাবলী ঃ**

ক. অনুষ্ঠান দ্বারা সরকারের ভাবমূর্তি, কোন ধর্মবিশ্বাস বা কোন বিশেষ জনগোষ্ঠীর অনুভূতিতে আঘাত হানা যাবে না।
খ. সরকারের যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিপত্র ব্যতীত অনুষ্ঠানে বিদেশী নাগরিক অংশগ্রহণ নিষিদ্ধ।
গ. অডিটরিয়াম এর ধূমপান জোন এলাকা ব্যতীত অন্য কোথাও ধূমপান করা যাবে না।
ঘ. মিলনায়তনের স্টেজ, দেয়াল কিংবা সংশ্লিষ্ট স্থান বা আসবাবপত্র, পেরেক, কাঁটা বা আঠা ব্যবহার করা যাবে না।
ঙ. অনুষ্ঠানে আনীত মালামাল নিজ দায়িত্বে অডিটরিয়াম হতে সরিয়ে নিতে হবে এবং সরিয়ে নেয়ার পূর্বে নিরাপত্তা পরিদশর্কের প্রত্যয়ন ও অনুমোদন প্রয়োজন হবে।
চ. পোস্টার, ব্যানার বা অনুরূপ প্রচার সামগ্রী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত স্থান ব্যতীত অন্য কোথাও লাগানো যাবে না।
ছ. বরাদ্দ গ্রহীতা বা আমন্ত্রিত অতিথি সকলেই নিজে বা তাঁর সঙ্গের জিনিসপত্র নিরাপত্তা চেকের আওতধীন হবে।
জ. অনুষ্ঠান চলাকালীন অনুষ্ঠানের নিরাপত্তা ও শৃঙ্খলার দায়-দায়িত্ব আয়োজন/ভাড়া গ্রহিতা প্রতিষ্ঠান নিজ দায়িত্বে পালন করবেন।
ঝ. অডিটরিয়ামের ১ম সারিতে ২টি এবং ২য় সারিতে ২টি মোট ৪টি আসন টিসিবি'র কর্মকর্তাদের জন্য নির্দিষ্ট করে রাখতে হবে।
ঞ. অডিটরিয়ামের কোন অনুষ্ঠানে আগত অতিথিদের খাবার সরবরাহ করার ক্ষেত্রে অতিথি নিয়ন্ত্রণ আইন মেনে চলতে হবে। খাবারের খালি প্যাকেটসহ অন্যান্য আবর্জনা আয়োজক প্রতিষ্ঠান নিজ দায়িত্বে পরিষ্কার করবেন।

৩. **ভাড়ার জন্য আবেদনের পদ্ধতি, আবেদন**

ক. অডিটরিয়াম ভাড়া নেয়ার জন্য নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।
খ. অডিটরিয়াম বরাদ্দের ক্ষেত্রে আবেদনের তারিখ তেখে অনুষ্ঠান আয়োজনের মধ্যে কমপক্ষে ১০(দশ) দিন ব্যবধান রেখে চলতি মাসসহ ৩(তিন) মাস পর্যন্ত অগ্রিম বরাদ্দ দেয়া যাবে।
গ. অডিটরিয়াম ব্যবহার নীতিমালা অনুযায়ী পরিচালনা কমিটির আহ্বায়ক কর্তৃক অনুমোদনের পর বরাদ্দ চূড়ান্ত হলে বরাদ্দপত্র জারী করা হবে।
ঘ. আয়োজক সংস্থা অনুষ্ঠানের তারিখ পরিবর্তন (অডিটরিয়াম খালি থাকা সাপেক্ষে) করতে চাইলে অনুষ্ঠানের অন্ততঃ ৫(পাঁচ) দিন পূর্বে কর্তৃপক্ষকে জানাতে হবে। আয়োজন সংস্থার প্রার্থীত তারিখে অডিটরিয়ামটি খালি না থাকলে আবেদনের পরবর্তী ১(এক) মাসের মধ্যে যে কোন তারিখে অনুষ্ঠান করতে পারবে (অডিটরিয়াম খালি থাকা সাপেক্ষে)। তবে তারিখ পরিবর্তনের আবেদনের ১(এক) মাস অতিক্রমের পর ব্যবহারকারীকে আর কোন সুযোগ দেয়া হবে না এবং অগ্রিম প্রদত্ত টাকা বাজেয়াপ্ত করা হবে। ক্রেতা যদি অনুষ্ঠান বাতিল করতে চান তাহলে অগ্রিম প্রদত্ত ৩০% ভাড়া বাজেয়াপ্ত করা হবে।
ঙ. বরাদ্দ গ্রহীতার এখতিয়ার বহির্ভূত দৈব-দূর্বিপাক, রাজনৈতিক বা সামাজিক অচলাবস্থার কারণে নির্ধারিত তারিখ ও সময়ে অনুষ্ঠান করা সম্ভব না হলে টিসিবি কর্তৃপক্ষ ও বরাদ্দ গ্রহীতার পারস্পারিক সুবিধাজনক সময়ে অনুষ্ঠানের তারিখ ও সময় পরিবর্তন করা যাবে। তবে তা অনুষ্ঠানের জন্য নির্ধারিত তারিখের ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের অধিক সময়ের বেশী হবে না।
চ. টিসিবি অডিটরিয়ামের ভাড়া সংশ্লিষ্ট সকল প্রকার অর্থ "টিসিবি অডিটরিয়াম" এর নামে পে-অর্ডারের মাধ্যমে কিংবা অর্থ শাখায় মানি রিসিটের মাধ্যমে পরিশোধ করতে হবে।

৪. **ভাড়া ও আনুষাঙ্গিক অর্থ জমা প্রদানের পদ্ধতি ঃ**

আবেদনকারী প্রতিষ্ঠান/ব্যক্তি অডিটরিয়াম ভাড়া নিতে চাইলে ধার্যকৃত ভাড়ার ৩০% আবেদনের সাথে অগ্রিম প্রদান করতে হবে এবং ধার্য তারিখের ২দিন পূর্বে সমুদয় ভাড়া পরিশোধ করতে হবে; অন্যথায় অনুষ্ঠান করতে দেয়া হবে না।

৫. **৪৫০ আসনের অডিটরিয়াম ভাড়ার হার নির্ধারণ ঃ**

| ভাড়ার সময় (টাইম স্লট) | ভাড়া (ভ্যাট ট্যাক্সসহ) |
|---|---|
| পূর্ণ দিবস (সকাল ৯.০০টা হতে রাত্র ৯.০০টা = ১২ ঘন্টা) | ৫৫,০০০/- |
| অর্ধ দিবস (সকাল ৯.০০টা হতে দুপুর ২.০০টা = ০৫ ঘন্টা) | ২৫,০০০/- |
| অর্ধ দিবস (বিকাল ৩.০০টা হতে রাত্র ৯.০০টা = ০৬ ঘন্টা) | ৩৫,০০০/- |

- জেনারেটর ব্যবহার করা হলে ভাড়াটে প্রতিষ্ঠান হতে প্রতি মিনিট ৫০/- (পঞ্চাশ) টাকা হারে আদায় করা হবে।
- প্রজেক্টর ২টি ব্যবহার করতে চাইলে ব্যবহারকারী (১০০০+১০০০) ২০০০/- (দুই হাজার) টাকা প্রদান করবে।
- ভাড়াটে প্রতিষ্ঠান জামানত হিসাবে ১০,০০০/- (দশ হাজার) টাকা জমা রাখবে যা অনুষ্ঠান শেষে প্রাপ্য হলে ফেরত দেয়া হবে।
- ভাড়াটে প্রতিষ্ঠান কর্তৃক অডিটরিয়ামের কোন মালামাল ক্ষতিগ্রস্থ হলে তার খরচ জামানত হতে কর্তন করা হবে।

৬. **অতিরিক্ত সময় ব্যবহার পদ্ধতি ও তার ভাড়া ঃ**

অডিটরিয়াম যে সময় পর্যন্ত ব্যবহারের জন্য ভাড়া নেয়া হয়েছে তার অতিরিক্ত সময় ব্যবহারের জন্য প্রতি ঘন্টা ভাড়ার হারে ৭,০০০/- (সাত হাজার) টাকা খালি থাকা সাপেক্ষে।

৭. **অডিটরিয়াম ভাড়া গ্রহিতার অবশ্য পালনীয় শর্তাবলী ঃ**

ক. শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থ; খ. ৮৩টি বিশেষ আসন ও ৩৫০টি দর্শক আসনসহ মোট ৪৫০টি আসন; গ. নিজস্ব অটো জেনারেটরে বিদ্যুতের ব্যবস্থা;
ঘ. ১২ ফুট/৮ ফুট মাপের ব্যানার ফ্রেম; ঙ. রোস্টাম/পোডিয়াম ১টি, স্টেজে কুশন চেয়ার ৬টি; চ. স্টেজে টেবিলক্লথসহ টেবিল ২টি;
ছ. স্টেজের মাপ ঃ দৈর্ঘ্য ৫৬ ফুট এবং প্রস্থ ২৬ ফুট = ১৪৫৬ বর্গ ফুট;জ. অত্যাধুনিক সুযোগ সম্বলিত ডিজিটাল সাউন্ড ও লাইটিং সিস্টেম।
ঝ. ০৬টি মাইক্রোফোনসহ সাউন্ড সিস্টেম (প্রযোজ্য ক্ষেত্রে)। ০৬টি মাইক্রোফোনের অতিরিক্ত মাইক্রোফোন ব্যবহারের ক্ষেত্রে প্রতিটির জন্য অতিরিক্ত ৫০/- টাকা করে পরিশোধ সাপেক্ষে সর্বোচ্চ ১২টি মাইক্রোফোন সরবরাহ করা হবে।

৮. **অনুষ্ঠানের অতিথি সম্পর্কে তথ্য প্রদান ঃ**

অনুষ্ঠান প্রধান অতিথি বা বিশেষ অতিথি হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, মাননীয় সচিব, বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব বা অনুরূপ পর্যায়ের ব্যক্তিবর্গ উপস্থিত থাকলে অনুষ্ঠানের কমপক্ষে তিনদিন পূর্বে টিসিবি কর্তৃপক্ষকে অবহিত করতে হবে। তবে সকল স্তরের নিমন্ত্রিত অতিথি/অংশগ্রহণকারীদের নিরাপত্তা ব্যবস্থা অনুষ্ঠান আয়োজনকারী নিশ্চিত করবেন।

৯. **বিবিধ ঃ**

ক. এই নীতিমালায় বিধৃত হয়নি, অথচ অডিটরিয়াম পরিচালনায় তা প্রয়োজনীয়, এমন কোন সমস্যা দেখা দিলে অডিটরিয়াম ব্যবস্থাপনা কমিটি এ বিষয়ে সিদ্ধান্ত নিবেন এবং তাঁদের সিদ্ধান্তই চূড়ান্ত।
খ. বরাদ্দ গ্রহীতা উপর্যুক্ত শর্তাদি নিশ্চিত করতে বাধ্য থাকবেন। প্রয়োজনবোধে কোন কারণ দর্শানো ব্যতিরেকেই টিসিবি কর্তৃপক্ষ যে কোন সময় মিলানায়তনের বরাদ্দ স্থগিত বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। সে ক্ষেত্রে বরাদ্দ গ্রহীতা কোন ওজর-আপত্তি বা ক্ষতিপূরণ দাবি করতে পারবেন না। তবে সেক্ষেত্রে জমাকৃত সমুদয় অর্থ বরাদ্দ গ্রহীতাকে ফেরত দেয়া হবে।
গ. নীতিমালার উপর্যুক্ত কোন শর্ত ভঙ্গ করা হলে জামানত বাজেয়াপ্তসহ বরাদ্দ গ্রহীতার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(আবেদনকারীর স্বাক্ষর)